# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 22 April, 2025

সিনেমা মুক্তির পর তারকারা হলে হলে যান।দর্শকদের সঙ্গে বসে নিজের সিনেমা দেখেন। তাদের সঙ্গে কথা বলেন।প্রচারের এটাও অন্যতম এক কৌশল।কারণ, এতে দর্শকদের মধ্যে সিনেমাটি নিয়ে আগ্রহ বাড়ে।তবে এ ক্ষেত্রে শাকিব খান ব্যতিক্রম।সাধারণত হল ভিজিটে যান না তিনি।তবে নিজের এই অলিখিত নিয়ম তিনি ভাঙলেন 'বরবাদ'-এর ক্ষেত্রে।গত সোমবার রাতে বরবাদের বিশেষ শোতে হাজির হয়েছিলেন শাকিব।সেখানে সিনেমাটির সাফল্য নিয়ে নিজের উচ্ছ্বাস প্রকাশ করেন ঢালিউড সুপারস্টার।

শাকিব বলেন, 'আমি যদি হলে হলে ঘুরে বেড়াই, তাহলে দর্শক হয়তো সিনেমাটি দেখতে পারবে না ঠিকমতো।হয়তো আমাকে দেখবে, গণমাধ্যম আসবে, এসব নিয়ে তারা ব্যস্ত হয়ে যাবে।সিনেমার অনেক গুরুত্বপূর্ণ দৃশ্য মিস করে ফেলবে।এটা আমি কখনো চাই না।বরং বাসায় বসে বসে রিভিউ দেখি।কিন্তু বরবাদ ব্যতিক্রম।আমার ক্যারিয়ারে এটাই প্রথম সিনেমা, যেটা অনেক হলে মিডনাইট শো চলেছে। আমরা শুনেছি, সাউথ ইন্ডিয়ান সিনেমায় মিডনাইট শো চলে, ভোরবেলা থেকে শো চলে।তবে বাংলা সিনেমার ক্ষেত্রে এর আগে আমি এমনটা দেখিনি।

বরবাদ দিয়ে নতুন রেকর্ড গড়েছেন শাকিব খান।দেশের পাশাপাশি বিদেশেও ভালো সাড়া ফেলেছে মেহেদি হাসান হৃদয় পরিচালিত সিনেমাটি।তবে শাকিব এবার আরও বড় স্বপ্ন দেখছেন।শাকিব বলেন, 'গত বছর তুফান ভালো ব্যবসা করেছে, এ বছর বরবাদ তার চেয়েও ভালো করছে।ভবিষ্যতে যে সিনেমাগুলো আসবে, সেগুলো এর চেয়েও বড় বিজনেস করবে। এবার তাঁর স্বপ্ন ১০০ কোটির।বলিউডের মতো তাঁর সিনেমাও ভবিষ্যতে শতকোটির ক্লাবে নাম লেখাবে, আশা শাকিবের।

উদাহরণ টেনে চিত্রনায়ক বলেন, 'আমাদের পার্শ্ববর্তী দেশের ইন্ডাস্ট্রিতে এক সপ্তাহে একটি সিনেমা ১০০ কোটির ব্যবসা করেছিল, তৎকালীন সময়ে সেটা তাদের জন্য বিরাট ব্যাপার ছিল।কিন্তু যাঁরা সিনেমা তৈরি করেছেন, তাঁদের লক্ষ্য ছিল হাজার কোটি।এখন দেখা যায়, হাজার কোটির ক্লাবে না পৌঁছালে তারা সে সিনেমাকে সুপারহিট ঘোষণাই করে না।সুতরাং, আমাদের সে যাত্রাটা শুরু হয়েছে।আশা করছি, আমরা আরও অনেক দূর যেতে পারব।

এদিন একটি ইঙ্গিতও দিয়ে গেলেন শাকিব খান।বরবাদের পর শাকিবকে নিয়ে আরও একটি সিনেমার পরিকল্পনা করছেন পরিচালক হৃদয় ও প্রযোজনা প্রতিষ্ঠান রিয়েল এনার্জি প্রোডাকশন।শাকিব বলেন, 'তারা এবার এমন একটা স্ক্রিপ্ট নিয়ে এসেছে, যেটার কাছে হয়তো

বরবাদও খুব ছোট সিনেমা মনে হবে।

শাকিব,বরবাদ সিনেমা চিত্রনায়ক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:10

URL: https://www.timestodaybd.com/public/entertainment/1278143147